

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫
আইসিটি সেল
www.brdb.gov.bd

স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.৪১১.১৬.০০১.১৮.১১৭

তারিখ: ১২ কার্তিক ১৪২৬

২৮ অক্টোবর ২০১৯

বিষয়: **ওয়েবমেইলের পাসওয়ার্ড পরিবর্তন জনিত সমস্যা সমাধানের জন্য নির্দেশনা।**

সূত্র: ১। স্মারক:৪১১.১৬.০০১.১৮.১১; তারিখ:০৬ মার্চ ২০১৮

২। পটস বিভাগের স্মারক নং-৪৭.০০.০০০০.০৪৩.৯৯.০০১.১৮-০০৩; তারিখ: ১৬/০১/২০১৮খ্রি:

৩। স্মারক: ৪১১.১৬.০০১.১৮.২৫; তারিখ:১১ ফেব্রুয়ারি ২০১৯।


উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারী ই-মেইল সেবা বাস্তবায়নকারী সংস্থা বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) এর অধীনে বিআরডিবি'র প্রথম শ্রেণীর সকল কর্মকর্তাকে ইতোপূর্বে বিআরডিবি'র ডোমেইনে একটি ই-মেইল আইডি এবং ডিফল্ট পাসওয়ার্ড তৈরী করে দেয়া হয়েছে। এই ই-মেইল আইডিসমূহ সদরদপ্তর, জেলাদপ্তর ও উপজেলা দপ্তরে ব্যবহৃত হচ্ছে। ওয়েব মেইল ব্যবহারে সৃষ্ট সমস্যা সমাধানে বিসিসি কর্তৃপক্ষের সাথে আলোচনা হয়েছে। এ আলোকে নিম্নোক্ত বিষয়সমূহ অনুসরণ করা যেতে পারেঃ

- বিসিসি বর্তমানে পাসওয়ার্ড পলিসি ৯০(৩মাস)দিনের পরিবর্তে ১৮০(৬মাস)দিন করেছে। সুতরাং, এখন থেকে ইউজার ০৬ মাস পর্যন্ত নির্বিঘ্নে ওয়েবমেইল ব্যবহার করতে পারবেন;
- ইউজারকে ১৮০ দিন বা তার কিছু দিন পূর্বে পাসওয়ার্ড পরিবর্তন করতে হবে;
- তিনবারের বেশি ভুল পাসওয়ার্ড দেয়া যাবেনা, তাতে করে একাউন্ট লক হয়ে যেতে পারে;
- কোন কারণে পাসওয়ার্ড লক হয়ে গেলে তা সমাধানের জন্য প্রোগ্রামিং শাখায় যোগাযোগ করতে হবে।

পাসওয়ার্ড পরিবর্তন করার জন্য নিম্নলিখিত ধাপগুলো অনুসরণ করতে হবে:

- ই-মেইলে লগইন > Preference(মেন্যুবারে) > ক্লিক;
- পেজের প্রথমই > Change Password > ক্লিক;
- বর্তমান পাসওয়ার্ড “old password” এর ঘরে > নতুন পাসওয়ার্ড “new password” ও “confirm” এর ঘরে লিখুন > “Change Password” > ক্লিক;
- ই-মেইলের পাসওয়ার্ড পরিবর্তন হয়ে যাবে এবং নতুন পাসওয়ার্ড ব্যবহার করে ই-মেইলে লগইন করা যাবে।

এছাড়াও, ওয়েবমেইল সংক্রান্ত যে কোন সমস্যা সমাধানে প্রোগ্রামিং শাখার সাথে যোগাযোগ করা যেতে পারে।



২৮-১০-২০১৯

নাজনীন খানম

উপপরিচালক

পরিচালক (সকল), বিআরডিবি, ঢাকা।

ফোন: +৮৮০২৮১৮০০২৫

ফ্যাক্স: +৮৮০২৮১৮০০০৩

ইমেইল: ddprog@brdb.gov.bd

স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.৪১১.১৬.০০১.১৮.১১৭/১(১৩০)

তারিখ: ১২ কার্তিক ১৪২৬

২৮ অক্টোবর ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে (প্রয়োজ্য ক্ষেত্রে) প্রেরণ করা হল:

১) যুগ্মপরিচালক (সকল), বিআরডিবি, ঢাকা।

২) উপপরিচালক (সকল), বিআরডিবি, ঢাকা।

- ৩) উপপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, জেলাদপ্তর (সকল)
- ৪) উপপরিচালক, প্রোগ্রামিং শাখা, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড(ওয়েবসাইটে প্রকাশের জন্য)
- ৫) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
- ৬) সহকারী পরিচালক (সকল), বিআরডিবি, ঢাকা।
- ৭) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, উপজেলা দপ্তর(সকল)



২৮-১০-২০১৯

এস.এম.মাসুদ বিল্লাহ
সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার